ইসরায়েল যখন পরমাণু বোমা বানাচ্ছে তখন কীসের উদ্বেগ: ইরান

ইরানের পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মাদ জাওয়াদ জারিফ তার দেশের পরমাণু কর্মসূচি নিয়ে আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা ও পশ্চিমা দেশগুলোর দ্বৈত নীতির তীব্র সমালোচনা করেছেন।

তিনি বলেছেন, ‘পশ্চিমারা যখন ইসরায়েলের পরমাণু অস্ত্র কর্মসূচির ব্যাপারে অন্ধ থাকার নীতি অনুসরণ করছে, তখন ইরানের বেসামরিক পরমাণু কর্মসূচির ব্যাপারে তাদের কীসের উদ্বেগ। এ ব্যাপারে তাদের উদ্বেগ মানায় না।’

জারিফ শনিবার নিজের অফিসিয়াল টুইটার পেজে লিখেন, ‘ইহুদিবাদী ইসরায়েল মধ্যপ্রাচ্যের একমাত্র পরমাণু অস্ত্র নির্মাণ কারখানা ‘দিমুনা’র সম্প্রসারণ করছে। অথচ এ ব্যাপারে কেউ টু শব্দটি পর্যন্ত করছে না।’

টুইটার বার্তায় তিনি আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন, আইএইএ, ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন, ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাকরন এবং জার্মান চ্যান্সেলর অ্যাঙ্গেলা মার্কেলের নাম উল্লেখ করে, তাদের উদ্দেশ করে বক্তব্য দেন।

ইরানের পররাষ্ট্রমন্ত্রী বলেন, ‘আপনারা অত্যন্ত উদ্বিগ্ন? উদ্বিগ্ন? এমনকি একটুখানি? আপনাদের কি মন্তব্য করার অধিকার আছে? আমিতো এমনটিই ভাবতাম।’

সূত্র: পার্সটুডে

আফগানিস্তান থেকে সেনা প্রত্যাহারের ব্যাপারে এখনও সিদ্ধান্ত হয়নি: পেন্টাগন

মার্কিন প্রতিরক্ষা সদরদফতর পেন্টাগন জানিয়েছে, আফগানিস্তান থেকে সেনা প্রত্যাহারের ব্যাপারে এখনও চূড়ান্ত কোনও সিদ্ধান্ত হয়নি। পেন্টাগন বলছে, যুদ্ধবিধ্বস্ত এই দেশ থেকে সেনা প্রত্যাহারের আগে অবশ্যই সেখানে সহিংসতা উল্লেখযোগ্য মাত্রায় কমে আসতে হবে। ২০ বছর আগে তালেবান হটানোর নামে আফগানিস্তানে সেনা মোতায়েন করে আমেরিকা।

গত বুধ ও বৃহস্পতিবারের ন্যাটো জোটের কর্মকর্তারা বৈঠক করেছেন এবং তাতে আফগানিস্তানে মোতায়েন জোটের ৯,৬০০ সেনার ভাগ্যে কী হবে তা নিয়ে বিশেষ গুরুত্ব দিয়ে আলোচনা করেছেন। এ সম্পর্কে মার্কিন প্রতিরক্ষামন্ত্রী অস্টিন লয়েড শুক্রবার পেন্টাগনে সাংবাদিকদের ব্রিফ করেন।

বাড়ল যুক্তরাষ্ট্র-কানাডা সীমান্ত বন্ধের মেয়াদ

যুক্তরাষ্ট্র সঙ্গে কানাডার সীমান্ত বন্ধের মেয়াদ বাড়ল। আগামী ২১ মার্চ পর্যন্ত দুই দেশের সীমান্ত ব্যবহার করে অপ্রয়োজনীয় সকল যাতায়াত বন্ধ থাকবে।

শুক্রবার জন নিরাপত্তা বিষয়ক মন্ত্রী বিল ব্লেয়ার এ কথা জানিয়েছেন। খবর এএফপি’র।

টুইটারে দেওয়া এক বার্তায় তিনি বলেন, “যুক্তরাষ্ট্রের সঙ্গে অপ্রয়োজনীয় যাতায়াত বন্ধের মেয়াদ ২০২১ সালের ২১ মার্চ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।”

“কোভিড-১৯ রোগের সংক্রমণ থেকে কানাডার নাগরিকদের নিরাপদ রাখার ব্যাপারে সুবিধা হয় এমন ভালো জনস্বাস্থ্য সংক্রান্ত পরামর্শ বিষয়ে আমরা আমাদের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত অব্যাহত রাখব।”

মহামারী করোনাভাইরাসের লাগাম টেনে ধরতে ২০২০ সালের মার্চে প্রাথমিকভাবে এ সীমান্ত বন্ধ ঘোষণা করা হয়। তবে এ সীমান্ত দিয়ে কেবলমাত্র পণ্যদ্রব্য ও প্রয়োজনীয় ভ্রমণের অনুমতি রয়েছে।

করোনাভাইরাসে কানাডায় এ পর্যন্ত ২১ হাজারের বেশি এবং যুক্তরাষ্ট্রে প্রায় ৫ লাখ মানুষ প্রাণ হারিয়েছে।

বিএনপির আন্দোলন দূর আকাশের নীলিমা, দেখা যায় কিন্তু ছোঁয়া যায় না’-ওবাইদুল কাদের

বিএনপির আন্দোলন দূর আকাশের নীলিমা, দেখা যায় কিন্তু ছোঁয়া যায় না’ প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনমুখী রাজনীতির জন্যই বিএনপি নির্বাচনে ব্যর্থ হয়ে ইস্যু ছাড়াই একযুগ কাটিয়ে দিয়েছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

তিনি বলেন, বিএনপির আন্দোলন সুদূরপরাহত, তাই তাদের আন্দোলন দূর আকাশের নীলিমা, যা দেখা যায় কিন্তু ছোঁয়া যায় না।

ওবায়দুল কাদের শুক্রবার তার সরকারি বাসভবনে নিয়মিত ব্রিফিংয়ে এসব কথা বলেন।

‘শেখ হাসিনা সরকার দেউলিয়াত্বের শেষ পর্যায়ে’- বিএনপি নেতাদের এমন মন্তব্যের জবাবে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, শেখ হাসিনা সরকার নয়, বিএনপির রাজনীতিই এখন গভীর সমুদ্রে কম্পাসহীন নাবিকের মতো।

তিনি এ সময় বিএনপির মিথ্যাচারই তাদের রাজনীতিকে এখন গ্রাস করছে বলেও মন্তব্য করেন।

যুক্তরাষ্ট্রে তুষারঝড়ে লণ্ডভণ্ড জনজীবন, নিহত ২১

তীব্র শীত ও ভয়াবহ তুষারঝড়ে যুক্তরাষ্ট্রে এখন পর্যন্ত অন্তত ২১ জনের প্রাণহানি হয়েছে। এতে লণ্ডভণ্ড জনজীবনে বিদ্যুৎ বিচ্ছিন্ন রয়েছেন লাখ লাখ মার্কিনি। এ অবস্থায় জরুরি অবস্থা জারি করা হয়েছে। খবর দ্য গার্ডিয়ানের।

জানা গেছে, হঠাৎই তুষারঝড়ের কবলে পড়ে যুক্তরাষ্ট্রের টেক্সাস ও এর পার্শ্ববর্তী অঞ্চল। মার্কিন বিদ্যুত্ সরবরাহ পর্যবেক্ষণকারী ওয়েবসাইটে জানানো হয়েছে, ৪১ লাখের বেশি গ্রাহক বিদ্যুৎ পরিষেবা থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছেন।

এ অবস্থায় পরিস্থিতি সামাল দিতে প্রেসিডেন্ট জো বাইডেন জরুরি অবস্থা জারি করেছেন। এদিকে, টেক্সাসে গত রবিবার মাইনাস ১৮ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে যা গত ৩০ বছরের মধ্যে সবচেয়ে কম।

আমিই একমাত্র ব্যক্তি অভিশংসনের পরও যার প্রতি জনসমর্থন বাড়ছে: ট্রাম্প

আমেরিকার সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, গত প্রেসিডেন্ট নির্বাচনে তিনি জিতেছেন এবং তিনি যদি ২০২৪ সালে প্রেসিডেন্ট পদে প্রতিদ্বন্দ্বিতা করতে চান তাহলে তার জন্য পর্যাপ্ত পরিমাণে সমর্থন রয়েছে।

মার্কিন গণমাধ্যম নিউজম্যাক্সকে বুধবার এসব কথা বলেন।

পরে সামাজিক যোগাযোগের মাধ্যম টুইটারে দেওয়া পোস্টে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আগামী নির্বাচনের বিষয়ে প্রশ্ন রেখে বলেছেন, “২০২৪? আমি এখনই বলতে পারছি না তবে আমাদের ব্যাপক সমর্থন রয়েছে।”

সাবেক প্রেসিডেন্ট ট্রাম্প ২০২৪ সালের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন কিনা সে ব্যাপারে তিনি বলেন, এটা বলার এখনও সময় আসেনি। ট্রাম্প বেশ গর্বভরে বলেন, “আমি হচ্ছি ইমপিচ হওয়া একমাত্র ব্যক্তি যার প্রতি জনসমর্থন বাড়ছে।”

ডোনাল্ড ট্রাম্প নিজ দলের নেতাদের সমালোচনা করে বলেন, রিপাবলিকান দলের লোকজন নিতান্তই ভদ্র, তারা শুধু নিজেদের দলের লোকের ওপর আঘাত হানতে পারেন।

যুক্তরাষ্ট্রের তুষার ঝড়ে বিপর্যস্ত জনজীবন, মৃত্যু ১১

যুক্তরাষ্ট্রের টেক্সাসে তুষার ঝড়ে বিপর্যস্ত হয়ে পড়েছে জনজীবন। এ পর্যন্ত ১১ জনের মৃত্যু নিশ্চিত করা হয়েছে। টেনেসি, টেক্সাস, কেন্টাকি এবং লুইসিয়ায় মৃত্যুর খবর পাওয়া গেছে।

মঙ্গলবার জাতীয় আবহাওয়া অধিদপ্তর বলছে, যুক্তরাষ্ট্রের শতকরা ৭৩ ভাগ এখন তুষারপাতের কবলে।

আবহাওয়া অধিদপ্তর জানায়, ১৫ কোটিরও বেশি মানুষ আবহাওয়া সতর্কতার মধ্যে রয়েছে। এরইমধ্যে টেক্সাসে জরুরি অবস্থা জারি করা হয়েছে। নাগরিকদের সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন টেক্সাসের গভর্নর।

তিনি জানান, ‘রাজ্যটির বেশিরভাগ অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ বন্ধ রয়েছে। তুষারঝড়ে টেক্সাস ও হাউসটনে অন্তত ১২০টি সড়ক দুর্ঘটনা ঘটেছে।

মঙ্গলবার ভোরে উত্তর ক্যারোলাইনাতে এই তুষার ঝড়ের জেরে তিন জন মারা গেছেন এবং ১০ জন আহত হয়েছেন। কর্মকর্তারা বলছেন এখনো

‘৫ রুপির ডিশ’ দিয়ে মমতা কি নির্বাচন পার হতে পারবেন?

২০১৩ সালে তামিলনাড়তে ‘আম্মা উনাভাগম’ (মাদারস ক্যান্টিন) চালু করে একসময় সাড়া ফেলে দিয়েছিল তৎকালীন জয়ললিতার সরকার। এ কিচেনে এক প্লেট ইডলি ১ রুপিতে, ৫ রুপিতে সম্বর রাইস ও ৩ রুপিতে মিলতো দই-ভাত।

সাধারণ মানুষের মন জিতে নিয়েছিল আম্মার (তামিলনাড়তে জয়ললিতা এই নামেই বেশি পরিচিত) সরকার। ২০১৪ সালের লোকসভা নির্বাচনে রাজ্যটির ৩৯ টি আসনের মধ্যে ৩৭ টি জয় পেয়েছিল জয়ললিতার দল ‘অল ইন্ডিয়া আন্না দ্রাবিড়া মুনেত্রা কাজাঘাম’ (এআইএডিএমকে)।

দুই বছর পর ২০১৬ সালে তামিলনাড়ু রাজ্য বিধানসভার নির্বাচনেও বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে পুনরায় ক্ষমতায় আসে আম্মা সরকার। কিন্তু সেপ্টেম্বরে হঠাৎ করেই অসুস্থ হয়ে পড়েন তিনি। এরপর প্রায় ৭৫ দিন হাসপাতালে মৃত্যুর সাথে লড়াই করার পর ৫ ডিসেম্বর প্রয়াত হন আম্মা।

এবার পশ্চিমবঙ্গের আসন্ন বিধানসভা নির্বাচনে প্রধান বিরোধী দল বিজেপিকে ঠেকাতে জয়ললিতার সেই কৌশল অবলম্বন করলো মমতা ব্যনার্জির সরকার। নিজের নামেই স্বল্পমূল্যে আহারের কর্মসূচি নিয়েছেন মমতা ব্যনার্জি। ভোটের ঠিক দুই মাস আগেই কলকাতায় ‘মা’ কিচেন চালু করলেন তিনি।

পরবর্তীতে গোটা রাজ্যেই তা ছড়িয়ে দেওয়ার পরিকল্পনা রয়েছে মমতার। এই প্রকল্পের আওতায় ৫ রুপিতে পেট ভরে ডিম-ভাত খাওয়ানোর কর্মসূচি নিয়েছেন তিনি। রাজ্য সরকারের উদ্যোগে কলকাতার পৌরসভায় চালু এই কর্মসূচির নাম ‘মায়ের রান্না ঘর’।

মায়ের রান্না ঘর প্রকল্পের উদ্বোধন করে মমতা জানিয়েছিলেন ‘এটা

হল মা কিচেন। আমরা মা’য়ের জন্য গর্বিত। যেখানেই মা থাকবেন, সবকিছুই ভাল হবে। আমরা সব মা’কেই স্যালুট জানাই।’ মায়ের রান্না ঘর প্রকল্পের পুরোটাই পরিচালিত হবে স্বনির্ভর গোষ্ঠীর নারীদের দ্বারা। এই প্রকল্পের জন্য রাজ্য সরকারকে প্রতিটি থালা প্রতি ভরতুকি দিতে হচ্ছে ১৫ রুপি। এই প্রকল্প বাবদ ১০০ কোটি রুপি বরাদ্দ করেছে রাজ্য সরকার।

নির্বাচনের আগে ভোটারদের কাছে পেতে মমতা সরকারের এটি হল তৃতীয় বৃহৎ প্রকল্প। এর আগে গত মাসেই চালু হয়েছে দুয়ারে সরকার, সরকারের সমস্ত কর্মসূচি মানুষের ঘরে ঘরে পৌঁছে দিতেই তা চালু করা হয়েছিল এবং দ্বিতীয়টি হল স্বাস্থ্যসাথী প্রকল্প।

বছর কয়েক আগে জয়ললিতার ‘আম্মা কিচেন’এর দেখাদেখি ভারতের একাধিক রাজ্যে স্বল্পমূল্যে ভরতুকি যুক্ত খাবার প্রদান করা হয়েছিল কিংবা ভোটে জিততে তার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। কিন্তু তার বেশিরভাগই নির্বাচনী সাফল্যের মুখ দেখেনি।

বাংলাতেও ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেস সরকারের আশা ‘মায়ের রান্না ঘর’ই আবার মমতাকে ক্ষমতায় আনবে। দলনেত্রী মমতাও প্রায় প্রতিটি সভা থেকেই বলে আসছেন আসন্ন বিধানসভার নির্বাচনেও তার দলই তৃতীয় বারের জন্য ক্ষমতায় আসতে চলেছে।

সিইসি নুরুল হুদার ‘অপকর্মের’ বিচার হবেই: রিজভী

অভিনব সন্ত্রাসী কায়দায় ভোট ডাকাতির নির্বাচনের জন্য প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কেএম নুরুল হুদা ইতিহাসে অমর হয়ে থাকবেন বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসজির রুহুল কবির রজিভী।

মঙ্গলবার রাজধানীর নয়াপল্টনে দলীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন।

রিজভী বলেন, ভোটারদের ভোটাধিকার কেড়ে নেওয়ার অবিচারের কাহিনীর প্রধান খলনায়ক কেএম নুরুল হুদা। তিনি সুষ্ঠু নির্বাচনকে লাশ বানিয়ে কফিনে পেরেক মেরেছেন।

‘অবৈধ ক্ষমতাসীনদের স্বার্থসিদ্ধির জন্য অত্যন্ত নিপুণ হাতিয়ার হিসেবে কাজ করে যাচ্ছেন নির্বাচন ও সুষ্ঠু ভোটের শত্রু প্রধান নির্বাচন কমিশনার ও তার খয়ের খাঁ কতিপয় নির্বাচন কমিশনার।’

রিজভী বলেন, নির্বাচন কমিশনার মাহবুব তালুকদার, যিনি সুষ্ঠু নির্বাচনের পক্ষে রয়েছেন তিনি বিবেক যন্ত্রণায় ভুগতে ভুগতে এখন পদত্যাগের কথা বলছেন। তিনি যথার্থই বলেছেন- নির্বাচন ব্যবস্থা এখন গভীর খাদের কিনারে।

সিইসির সমালোচনা করে বিএনপির এ নেতা আরও বলেন, গণতন্ত্রমনা বাংলাদেশিদের আত্মমর্যাদাকে ভুলুণ্ঠিত করেছেন নুরুল হুদা। বর্তমান নির্বাচন কমিশনের অনাচার-দুর্নীতি ও লুটপাটের তথ্য সব ভালোভাবেই সংরক্ষিত আছে। এদের অপকর্মের বিচার হবেই।

নির্বাচন কমিশনার কমিশনের দায়িত্ব নিয়েছেন সুষ্ঠু ভোট করার জন্য নয়, বরং শেখ হাসিনার এজেন্ডা বাস্তবায়ন করতে, বলেন রিজভী।

তিনি আরও বলেন, বাংলাদেশের প্রচলিত আইনে সুষ্ঠু নির্বাচন করার জন্য যথেষ্ট শক্তিশালী বিধান রয়েছে। কিন্তু তারা তাদের নিজেদের ক্ষমতাকে প্রয়োগ না করে শেখ হাসিনার পদলেহনেই ব্যস্ত রয়েছেন।

নির্বাচন কমিশন সব নির্বাচনে শেখ হাসিনার সিলেক্টেড প্রার্থীকে বিজয়ী ঘোষণা করে বলেও মন্তব্য করেন রিজভী।

রাবির ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদন শুরু ৭ মার্চ

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ২০২১-২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদন ৭ মার্চ শুরু হবে। আবেদন প্রক্রিয়া চলবে ১৮ মার্চ পর্যন্ত। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের

প্রাথমিকভাবে ৫৫ টাকা ফি দিয়ে আবেদন করতে হবে। চূড়ান্ত আবেদন ২৩ মার্চ শুরু হয়ে ৩১ মার্চ পর্যন্ত চলবে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম আব্দুস সোবহানের সভাপতিত্বে মঙ্গলবার সকালে ভর্তি পরীক্ষা কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়।

বিষয়টি নিশ্চিত করে জনসংযোগ দপ্তরের প্রশাসক আজিজুর রহমান জানান, এবার শুধুমাত্র ২০২০ সালে এইচএসসি পরীক্ষায় পাশ করা শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবে। মানবিক (এ), বাণিজ্য (বি) ও বিজ্ঞান (সি) তিনটি ইউনিটে পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিটি ইউনিটে ৪৫ হাজার করে মোট ১ লাখ ৩৫ হাজার ভর্তিচ্ছু শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ পাবে। তিন ইউনিটে মোট নয়টি শিফটে পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতি শিফটে ১৫ হাজার শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেবে। এ শিক্ষাবর্ষে ‘এমসিকিউ’ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১০০ নম্বরের পরীক্ষায় ৮০টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে। প্রতি প্রশ্নের মান হবে ১.২৫ নম্বর এবং পাঁচটি ভুল উত্তরের জন্য এক নম্বর করে কাটা হবে।

আজিজুর রহমান জানান, করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে সশরীরে ভর্তি পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রাথমিক আবেদনে এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্বাচিত শিক্ষার্থীরা চূড়ান্ত আবেদন করতে পারবে। চূড়ান্ত আবেদনের জন্য ফি নির্ধারণ করা হয়েছে ১ হাজার ১০০ টাকা (চার্জসহ)।

তিনি আরও জানান, ‘এ’ ইউনিটের অধীনে কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরীক্ষা হবে। ‘বি’ ইউনিটের অধীনে ব্যবসায় শিক্ষা অনুষদ ও ব্যবসায় প্রশাসন অনুষদ এবং ‘সি’ ইউনিটে বিজ্ঞান, জীব ও ভূবিজ্ঞান, কৃষি, প্রকৌশল, ফিশারিজ ও ভেটেরিনারি অনুষদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ‘এ’ ইউনিটে আবেদনের জন্য এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০ করে মোট জিপিএ ৭.০ থাকতে হবে। ‘বি’ ইউনিটে ন্যূনতম জিপিএ ৩.৫০ করে মোট জিপিএ ৭.৫০ থাকতে হবে এবং ‘সি’ ইউনিটে ন্যূনতম জিপিএ ৩.৫০ করে মোট জিপিএ ৮.০ থাকতে হবে। এ ছাড়া ভর্তি পরীক্ষার চূড়ান্ত তারিখ নিয়ে কোনো সিদ্ধান্ত হয়নি। এ বিষয়ে ভর্তি পরীক্ষা উপ-কমিটি সিদ্ধান্ত নেবে বলে জানান জনসংযোগ দপ্তরের প্রশাসক।